

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ কোন কাপড়ে বীর্য লাগলে তা ধৌত করা ছাড়াই তা পরিধান করে সালাত আদায় করা জায়েয

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصلِّيَ فِي الثَّوْبِ الَّذِي أَصنابَهُ الْمَنِيُّ وَإِنْ لَمْ يَغْسِلْهُ

আরবী

1376 _ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ بِوَاسِطَ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خالد عن خَالِدٍ عَنْ أَبِي مَعْشَرٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ وَالْأَسْوَدِ أَنَّ رَجُلًا نَزَلَ بِعَائِشَةَ أُمِّ عن خَالِدٍ عَنْ أَبِي مَعْشَرٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ وَالْأَسْوَدِ أَنَّ رَجُلًا نَزَلَ بِعَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ فَأَصْبَحَ يَعْسِلُ ثَوْبَهُ فَقَالَتْ عَائِشَةُ: إِنَّمَا كَان يَجْزَئكَ _ إِنْ رَأَيْتَهُ _ أَنْ تَعْسِلَ مَكَانَهُ وَإِنْ لَمْ تَرَهُ نَضَحْتَ حَوْلَهُ لَقَدْ رَأَيْتُنِي أَفْرُكُهُ مِنْ ثَوْبِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فركاً فيصلى فيه.

الراوي: عَلْقَمَة وَالْأَسْوَد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1376 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৭৬. আলকামা ও আসওয়াদ থেকে বর্ণিত, তারা বলেন, "এক ব্যক্তি উম্মুল মু'মিনীন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বাড়িতে মেহমান হন, অতঃপর সে ব্যক্তি সকালে উঠে তার কাপড় ধৌত করেন, তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "তোমার জন্য এতটুকুই যথেষ্ট ছিল যে যদি তুমি বীর্য দেখতে পেতে, তবে বীর্য লাগার জায়গা ধৌত করতে আর যদি বীর্য না দেখতে পেতে তাহলে তার আশেপাশে পানির ছিটা দিতে। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাপড় থেকে শুকনো বীর্য নখ নিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে তুলে ফেলতাম, অতঃপর তিনি তা পরিধান করে সালাত আদায় করতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৮৮; শারহু মা'আনিল আসার: ১/৫০; সুনান বাইহাকী: ২/৪১৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৮; আবূ আওয়ানা: ১/২০৫; মুসনাদ আহমাদ: ৬/৩৫; আবূ দাউদ: ৩৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮৪; ইবনু



মাজাহ: ৫৩৯; নাসাঈ: ১/১৫৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৪৩৯; হুমাইদী: ১৮৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৩৯৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন